

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd



নম্বর-২৬.০৪.০০০০.১০৯.২৩.০৩০.২০.৮৩

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
বাণিজ্য মন্ত্রণালয়  
সিজিএ ভবন (৪ নং গেট, ৪র্থ তলা)  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়: ১৫ মার্চ ২০২১ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন উপলক্ষ্যে ৬ (ছয়) টি বিভাগের উপপরিচালকগণের অনুকূলে ২০২০-২০২১ অর্থবছরের বাজেট বরাদ্দ।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাচ্ছি যে, ১৫ মার্চ ২০২১ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপনের লক্ষ্যে ৬ (ছয়) টি বিভাগে সেমিনার/ আলোচনা সভা ও ট্রাক-শো করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এতদ্বারা উক্ত সেমিনার/ আলোচনা সভা ও ট্রাক শো আয়োজনের জন্য জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ১.চট্টগ্রাম, ২.রাজশাহী, ৩.বরিশাল, ৪.খুলনা, ৫.সিলেট এবং ৬.রংপুর বিভাগের বিভাগীয় উপপরিচালকগণের অনুকূলে প্রত্যেক বিভাগে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা করে বাজেট নিয়োজিত শর্তে বরাদ্দ দেয়া হলো:

১। বরাদ্দকৃত অর্থ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের অনুকূলে চলতি ২০২০-২১ অর্থবছরে বরাদ্দকৃত ১১৭০৫০১১০৪০৫২-৩২১১১১১ (সেমিনার/ কনফারেন্স ব্যয়) খাত থেকে নির্বাহ করা হবে।

২। বরাদ্দকৃত অর্থ সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। কোনক্রমেই বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না।

৩। অব্যয়িত অর্থ ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে সমর্পন করতে হবে।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(জাম্নাতুল ফেরদাউস)

সহকারী পরিচালক (পরিষদ ও অর্থ)

ফোন: ৫৫০১৩৮৭২

ই-মেইল: [ad-finance@dncrp.gov.bd](mailto:ad-finance@dncrp.gov.bd)

নম্বর- ২৬.০৪.০০০০.১০৯.২৩.০৩০.২০.৮৩/১(২৩)

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, চট্টগ্রাম/ রাজশাহী/ বরিশাল/ খুলনা/সিলেট/ রংপুর বিভাগ (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম/ রাজশাহী/ বরিশাল/ খুলনা/ সিলেট/ রংপুর বিভাগ।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম/রাজশাহী/ বরিশাল/ খুলনা/সিলেট/ রংপুর বিভাগ।
- ৬। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সিএএফও/ বাণিজ্য মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

  
১৬/০২/২০২১  
(জাম্নাতুল ফেরদাউস)

সহকারী পরিচালক (পরিষদ ও অর্থ)